

PRINT

# সমকালে চুয়েটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

১৩ ঘণ্টা আগে

## চুয়েট প্রতিনিধি



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) স্নাতক ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা গতকাল শনিবার অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত লিখিত পরীক্ষা এবং দুপুর আড়াইটা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত মুক্তহস্ত অঙ্কন পরীক্ষা হয়। এ বছরও চুয়েটে শুধু লিখিত পরীক্ষা হয়েছে।

এ বছর চারটি অনুষদের ১২টি বিভাগে সর্বমোট ৮৯০টি আসনের (১১টি উপজাতি কোটাসহ ৯০১ আসন) বিপরীতে ১০ হাজার ৯৭২ প্রার্থীকে ভর্তি পরীক্ষার জন্য বাছাই করা হয়। পরীক্ষা চলাকালে ক্যাম্পাসে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

উপাচার্য অধ্যাপক মোহাম্মদ রফিকুল আলম ভর্তি পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি অধ্যাপক মো. সাইফুল ইসলাম, রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ফারুক-উজ-জামান চৌধুরী উপস্থিত ছিলেন। ভর্তি পরীক্ষার সার্বিক পরিস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করে উপাচার্য বলেন, সবার সার্বিক সহযোগিতায় সুষ্ঠু ও সুন্দরভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:  
ad.samakalonline@outlook.com